

রাশিয়া সফরে পররাষ্ট্রমন্ত্রী (সেপ্টেম্বর ৫-৭, ২০১৭)

ডেপুটি প্রধানমন্ত্রী তথা দূর প্রাচ্যের ফেডারেল জেলায় প্রেসিডেন্টের বিশেষ ক্ষমতাপ্রাপ্ত দূত জনাব ইউরি ট্রিটেনভের আমন্ত্রণে পররাষ্ট্র মন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ ভ্লাদিভস্তক সফর করবেন ৫-৭ সেপ্টেম্বর, ২০১৭, ইস্টান ইকোনমিক ফোরামে যোগ দেওয়ার জন্য।

পররাষ্ট্র মন্ত্রীর এই সফর রাশিয়ার দূর প্রাচ্যের সঙ্গে এবং রাশিয়ার সঙ্গে স্ট্যাটিজিক অংশীদারিত্বের বিষয়টি আরও মজবুত করবে।

সফরকালে পররাষ্ট্র মন্ত্রী ৬ সেপ্টেম্বর অংশগ্রহণ করবেন ফোরামের উদ্বোধনী অনুষ্ঠানে এবং ডেপুটি প্রধানমন্ত্রী ইউরি ট্রিটেনভ, বিদেশমন্ত্রী সেগেই লাভরভ এবং দূর প্রাচ্যের গভর্নরদের সঙ্গে বৈঠক করবেন।

২০১৭ সালের জুন মাসে সেন্ট পিটার্সবার্গ আন্তর্জাতিক অর্থনৈতিক ফোরামে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে গেস্ট অব অর্নার দেওয়ার পরই ভ্লাদিভস্তকের ফোরামে উচ্চ পর্যায়ের ভারতীয় প্রতিনিধি দল অংশগ্রহণ করবে।

নয়াদিল্লি

অগস্ট ৩০, ২০১৭